

■■ পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ দশম অধ্যায় - পবিত্র বাইবেল ও মুহাম্মাদ (ﷺ) রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আনুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

(৯) পরমগীত/ সোলায়মানের গজল ৫/১৬

ইহুদি বাইবেলের ৩০ নং পুস্তক, প্রটেস্ট্যান্ট বাইবেলের ২২ নং এবং ক্যাথলিক বাইবেলের ২৬ নং পুস্তক 'Song of Songs' বা 'Song of Solomon'। বাংলায় পরমগীত বা সোলায়মানের গজল। এ পুস্তকের ৫ অধ্যায়ের ১৬ শ্লোক নিম্নরূপ: "তাঁর কথা অতীব মধুর; হ্যা, তিনি সর্বোতভাবে মনোহর (KSV: he is altogether lovely; RSV: he is altogether desirable)। অয়ি জেরুশালেমর কন্যারা! এই আমার প্রিয়, এই আমার সখা।" (মো.-১৩)

মুসলিমরা দাবি করেন যে, এ শ্লোকটা মুহাম্মাদ (ﷺ) বিষয়ক সুস্পষ্ট ভবিষ্যদ্বাণী। এ শ্লোকে 'সর্বোতভাবে মনোহর' কথাটা ইংরেজিতে 'altogether lovely' বা 'altogether desirable'। হিব্রুতে এ শব্দটা 'মেহমাদিম' বা 'মুহাম্মাদ'। অর্থাৎ এখানে বলা হয়েছে: "তাঁর কথা অতীব মধুর, তিনি মুহাম্মাদ, … তিনিই আমার প্রিয় এবং তিনিই আমার বন্ধ।" এ প্রসঙ্গে উইকিপিডিয় লেখেছে:

"The Hebrew word מחמדים (Mhmdim, read as Mehmadim) appears once in the Hebrew Bible, at Song of Songs 5:16, where it is translated into English as 'altogether desirable' or 'altogether lovely'. The word 'mehmadim' means: 'delights' or 'pleasuring' in Hebrew. Some Muslim scholars treat this verse as a prophecy of the coming of Muhammed. Muslims including Zakir Naik claim that "In the Hebrew language im is added for respect. Similarly im is added after the name of Muhammad to make it Muhammadim. In English translation they have even translated the name of Muhammad as 'altogether lovely', but in the Old Testament in Hebrew, the name of Muhammad is yet present."

"হিক্র (ত্রাব্রান্ত) শব্দটা ইংরেজি প্রতিবর্ণায়নে 'Mhmdim', যা হিক্র উচ্চারণে 'মেহমাদিম' পড়া হয়। শব্দটা হিক্র বাইবেলে মাত্র একটা স্থানে বিদ্যমান: সেলাইমানের গজল বা পরমগীত ৫/১৬। ইংরেজিতে শব্দটার অর্থ লেখা হয়েছে: 'সর্বোতভাবে আকাঙ্খানীয়' বা 'সর্বোতভাবে প্রেমযোগ্য' বা 'সর্বোতভাবে মনোহর'। হিক্র ভাষায় 'মেহমাদিম' শব্দটার অর্থ ফুর্তি বা আনন্দদায়ক। কতিপয় মুসলিম গবেষক এ শ্লোকটাকে মুহাম্মাদ (﴿)—এর আগমন বিষয়ক ভবিষ্যদ্বাণী হিসেবে গণ্য করেন। জাকির নায়েক ও অন্যান্য মুসলিম দাবি করেন যে, 'হিক্র ভাষায় সম্মান বোঝানোর জন্য শব্দের শেষে 'ইম' সংযোগ করা হয়। এ কারণেই 'মুহাম্মাদ' নামের সাথে 'ইম' সংযুক্ত কর হয়েছে ফলে শব্দটা 'মেহমাদিম' বা 'মুহাম্মাদম'-এ পরিণত হয়েছে। ইংরেজি অনুবাদে অনুবাদকরা মুহাম্মাদ নামটার অনুবাদ করেছেন 'সর্বোতভাবে মনোহর'। কিন্তু হিক্র ভাষার পুরাতন নিয়মে 'মুহাম্মাদ' শব্দ এভাবে এখনো বিদ্যমান।"



• Source — https://www.hadithbd.com/books/link/?id=14660

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন